মুজিবনগরে গুণগত শিক্ষার উপর সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুণগত শিক্ষার উপর সেমিনার -২০২৩ অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে গুডনেইবারর্স এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক বাকের আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ কে এম মামুনুর রশিদ, উপজেলা সুপারভাইজার হাসনাইন করিম।

সেমিনারের উদ্দেশ্য ছিল, গুণগত শিক্ষার প্রতিবন্ধকতা খুঁজে বের করা। একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করা। স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক জোরদার করা। শিশুদের জন্য মানসম্মত শিক্ষা প্রদানের উপায় নির্ধারণ।মানসম্মত শিক্ষার জন্য গৃহিত উদ্যোগ স্থায়ীকরণের উপায় বের করা।

সেমিনারে আমন্ত্রিত অতিথিগণ সেমিনারে অংশগ্রহণকারী উপজেলার ২১ টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, ইংরেজি শিক্ষক ও এসএমসি সদস্যর মাঝে মানসম্মত শিক্ষার জন্য ভাষা শিক্ষার গুরুত্ব। প্রেরণামূলক / স্ব-প্রণোদিত শিক্ষার গুরুত্ব । মানসম্মত শিক্ষা ও এসডিজি-৪ বিষয়ে আলোচনা তুলে ধরেন।

গুডনেইবার্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার এস এম রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন গুডনেইবারর্স এর এডমিন অফিসার অশোক মালাকার সহ গুডনেইবারর্স কর্মকর্তা কর্মচারীবৃন্দ।